

NSW সরকারী স্কুলে উচ্চ সম্ভাবনাময় এবং প্রতিভাধর শিক্ষা - পিতামাতা এবং পরিচর্যাকারীদের জন্য একটি নির্দেশিকা

উচ্চ সম্ভাবনাময় এবং প্রতিভাধর শিক্ষা (High Potential and Gifted Education (HPGE)) NSW সরকারী স্কুলের সকল শিক্ষার্থীকে তাদের নির্দিষ্ট শেখার চাহিদা পূরণের মাধ্যমে তাদের শেখার প্রতি আগ্রহী এবং চ্যালেঞ্জযুক্ত থাকতে সাহায্য করে। এটি ৪টি সম্ভাবনার ক্ষেত্রে (প্রকার) মনোনিবেশ করে: সৃজনশীল, বুদ্ধিভিত্তিক, শারীরিক এবং সামাজিক-আবেগিক।

সম্ভাবনার ৪টি ক্ষেত্র

সম্ভাবনার ক্ষেত্রগুলো হল মানুষের মধ্যে প্রধানত ৪ ধরনের প্রাকৃতিক ক্ষমতা থাকতে পারে। এগুলো প্রায়শই একে অপরের সঙ্গে মিলিত হয় এবং একে অপরের দ্বারা ব্যাপকভাবে প্রভাবিত হয়। এগুলো হল:

সৃজনশীল ক্ষেত্র - কল্পনা, মৌলিকত্ব এবং নতুন ধারণা তৈরির ক্ষমতাকে বোঝায়। এই দক্ষতাগুলো শিশুদের মধ্যে দেখা যেতে পারে যেমন: যখন তারা একটি ছোট গল্প লেখে, একটি গান রচনা করে, একটি পোস্তার আঁকে, একটি গণিত সমস্যার একটি উদ্ভাবনী সমাধান নিয়ে আসে, অথবা একটি নৃত্যের পরিকল্পনা করে।

বুদ্ধিভিত্তিক ক্ষেত্র - জটিল ধারণাগুলো বোঝার, সমস্যা সমাধান করার এবং জ্ঞান প্রয়োগ করার ক্ষমতাকে বোঝায়। উদাহরণস্বরূপ, একটি শিশু দ্রুত এবং সহজেই শিখতে পারে, অথবা দর্শন, বিজ্ঞান বা বইয়ের গভীর ধারণা প্রদর্শন করতে পারে।

শারীরিক ক্ষেত্র - মানুষের স্বাভাবিক নড়াচড়ার দক্ষতা বোঝায়। উদাহরণস্বরূপ, খেলাধুলা, সেলাই, কাঠের কাজ বা ইঞ্জিনিয়ারিং কার্যকলাপের সময় এই দক্ষতা দেখা যেতে পারে। শ্রেণীকক্ষে এবং খেলার মাঠে এই দক্ষতাগুলো যেমন দেখা যেতে পারে, তেমনি স্কুলে এবং সমাজ-ভিত্তিক পাঠ্যক্রম বহির্ভূত সুযোগ এবং প্রতিযোগিতার মাধ্যমেও প্রকাশ হতে পারে।

সামাজিক-আবেগিক ক্ষেত্র - এমন দক্ষতাকে বোঝায় যা আবেগ নিয়ন্ত্রণ এবং অন্যদের সঙ্গে সম্পর্ক গড়ে তোলার ক্ষমতার সঙ্গে সম্পর্কিত। এই দক্ষতাগুলো সহপাঠী, শিক্ষক এবং অভিভাবক বা পরিচর্যাকারীদের সঙ্গে পারস্পরিক যোগাযোগের মাধ্যমে প্রকাশ পেতে পারে। উদাহরণস্বরূপ, একটি শিশু খুব আত্মবিশ্বাসী হতে পারে এবং অন্যদের সঙ্গে নেতৃত্ব দেওয়া ও দলবদ্ধভাবে কাজ করতে পারদর্শী হতে পারে, অথবা উদ্যোক্তাসুলভ দক্ষতা প্রদর্শন করতে পারে।

উচ্চ সম্ভাবনাময় এবং প্রতিভাবান শিক্ষার্থীদের স্কুলগুলো কীভাবে সহায়তা করে

একটি শিশুর সম্ভাবনা ভিন্ন হতে পারে, তাই তাদের বিভিন্ন ধরনের সহায়তা এবং শিক্ষার প্রয়োজন হতে পারে। উদাহরণস্বরূপ:

উচ্চ সম্ভাবনাময় শিক্ষার্থীরা হলেন তারা যাদের ক্ষমতা একই বয়সের শিক্ষার্থীদের তুলনায় বেশি এবং তারা চ্যালেঞ্জের মাধ্যমে উপকৃত হতে পারে।

প্রতিভাবান শিক্ষার্থীদের একই বয়সের শিক্ষার্থীদের তুলনায় খুব বেশি ক্ষমতা থাকে এবং সুযোগ পেলে তারা দ্রুত এবং সহজেই তাদের প্রতিভা বিকাশ করতে পারে।

উচ্চ প্রতিভাবান শিক্ষার্থীদের ব্যতিক্রমী ক্ষমতা থাকে এবং তাদের উন্নত শিক্ষার চাহিদা পূরণের জন্য উল্লেখযোগ্য সমন্বয়ের প্রয়োজন হতে পারে।

স্কুলগুলো বিভিন্ন শিক্ষাদান পদ্ধতি ও কর্মসূচীর মাধ্যমে উচ্চ সম্ভাবনাময় এবং প্রতিভাবান শিক্ষার্থীদের সহায়তা করে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- শিক্ষার্থীদের চ্যালেঞ্জ এবং অনুপ্রাণিত করে এমন পাঠদান
- সমৃদ্ধকরণ কার্যক্রম এবং পাঠ্যক্রম বহির্ভূত কর্মসূচী
- একই ধরনের দক্ষতাসম্পন্ন শিক্ষার্থীদের একত্রে গ্রুপ করে শেখানো
- উপযুক্ত ক্ষেত্রে উন্নত শিক্ষার পথ বেছে নেয়া, যেমন গতি বাড়ানো (পাঠ্যক্রম দ্রুত সম্পন্ন করা)
- সুস্থতা এবং সামাজিক দক্ষতা বিকাশের জন্য সহায়তা।

লক্ষ্য হল শিক্ষার্থীদের উচ্চ সম্ভাবনা থেকে উচ্চ কর্মক্ষমতার দিকে এগিয়ে যেতে সাহায্য করা - তা সে বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল এবং গণিত, ভাষা, শিল্পকলা, খেলাধুলা, নেতৃত্ব বা অন্য কোনও ক্ষেত্রেই হোক না কেন।

প্রতিটি শিক্ষার্থী স্বতন্ত্র

উচ্চ সম্ভাবনাময় শিক্ষার্থীরা যেকোনো পটভূমি থেকে আসতে পারে, যার মধ্যে প্রতিবন্ধী শিক্ষার্থীরা অথবা ভিন্ন পটভূমি এবং ভাষাগত গোষ্ঠীও অন্তর্ভুক্ত। কেউ কেউ ইতিমধ্যেই স্কুলে খুব ভালো করে, আবার অন্যদের তাদের সেবাটা দেওয়ার জন্য অতিরিক্ত সাহায্যের প্রয়োজন হতে পারে। এটি একটি সাধারণ ভুল ধারণা যে মেধাবী শিক্ষার্থীদের সহায়তার প্রয়োজন হয় না, কারণ কিছু শিক্ষার্থীর আগ্রহ ধরে রাখতে এবং স্কুলে ভালো করার জন্য নির্দিষ্ট সাহায্যের প্রয়োজন হতে পারে।

যদি আপনি মনে করেন আপনার সন্তানের উচ্চ সম্ভাবনা রয়েছে বা সে প্রতিভাবান হতে পারে, তাহলে কী করবেন

যদি আপনার মনে হয় যে আপনার সন্তানের উচ্চ সম্ভাবনা আছে অথবা সে প্রতিভাবান হতে পারে, তাহলে অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষকের সাথে এটি নিয়ে আলোচনা করুন। শিক্ষকের সাথে কথা বলার সময়, আপনার সন্তানের এমন কিছু কাজের উদাহরণ দিন যা যেকোনো ক্ষেত্রে উচ্চ সম্ভাবনা বা প্রতিভাবান হওয়ার লক্ষণ হতে পারে।

পিতামাতা এবং পরিচর্যাকারীরা তাদের সন্তানের শিক্ষায় অংশগ্রহণ করে, সন্তানের সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য ভাগ করে এবং স্কুলের সাথে অংশীদারিত্বে কাজ করে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

HPGE নীতি

NSW-এর প্রতিটি সরকারী স্কুলে [উচ্চ সম্ভাবনাময় এবং প্রতিভাবান শিক্ষা নীতি](#) ব্যবহার করা হয়। এটি শিক্ষকদের উচ্চ সম্ভাবনাময় এবং প্রতিভাবান শিক্ষার্থীদের কী প্রয়োজন তা মূল্যায়ন এবং সনাক্ত করতে এবং তাদের বেড়ে ওঠা এবং সাফল্যের সুযোগ কীভাবে প্রদান করা যায় তা নির্ধারণ করতে সহায়তা করে।

আরও তথ্য কোথায় পাবেন

- NSW -এর প্রতিটি সরকারী স্কুল HPGE কার্যক্রম প্রদান করে। আরও বিস্তারিত জানার জন্য অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলের ওয়েবসাইটটি দেখুন।
- উচ্চ সম্ভাবনাময় এবং প্রতিভাবান শিক্ষার্থীদের স্কুল কীভাবে সহায়তা করে তা জানতে আপনি শিক্ষকদের সাথে কথা বলতে পারেন।
- নীতি এবং সংস্থানগুলো জানার জন্য [বিভাগের উচ্চ সম্ভাবনাময় এবং প্রতিভাবান শিক্ষা](#) ওয়েবসাইটটি দেখুন।

টেলিফোন দোভাষী পরিষেবা

আপনার সন্তানের স্কুলে উচ্চ সম্ভাবনা এবং প্রতিভাবান শিক্ষা সম্পর্কে কথা বলার জন্য যদি আপনার দোভাষীর সাহায্যের প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে 131 450 নম্বরে কল করুন, আপনার কোন ভাষা প্রয়োজন তা অপারেটরকে বলুন এবং তাদের স্কুলে ফোন করতে বলুন।

আপনার কথোপকথনে সহায়তা করার জন্য অপারেটর লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোনও চার্জ করা হবে না।